**Español:** masspowerchoice.com/cambridge/spanish
**Kreyòl ayisyen:** masspowerchoice.com/cambridge/hcreole
**বাংলা:** masspowerchoice.com/cambridge/bengali
**አማርኛ:** masspowerchoice.com/cambridge/amharic
masspowerchoice.com/cambridge/arabic **عربى**

# সিটি অব কেমব্রিজ

আপনার বিদ্যুৎ সরবরাহকারীর মূল্য পরিবর্তন সংক্রান্ত সিটির একটি বিজ্ঞপ্তি

12 ডিসেম্বর 2023

সম্মানিত, কেমব্রিজের বিদ্যুতের গ্রাহক,

**এই বিজ্ঞপ্তিতে আপনার Eversource (এভারসোর্স) বৈদ্যুতিক বিলের মূল্য পরিবর্তন সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে।**

আপনার ইলেক্ট্রিসিটি অ্যাকাউন্ট কেমব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি প্রোগ্রাম, সিটির ইলেক্ট্রিসিটি প্রোগ্রামে নথিভুক্ত রয়েছে। প্রোগ্রামটি আপনার Eversource বৈদ্যুতিক বিলের সরবরাহের একটি অংশের জন্য আপনাকে কেমব্রিজ মূল্য দেয়। আপনি **স্ট্যান্ডার্ড গ্রীন বিকল্পে** নথিভুক্ত আছেন।

জানুয়ারিতে, ডিরেক্ট এনার্জি সার্ভিস, LLC, ("Direct Energy, LLC") এর সাথে কেমব্রিজের বর্তমান ইলেক্ট্রিসিটি সরবরাহের চুক্তিটি শেষ হবে এবং ডিরেক্ট এনার্জি এর সাথে 24-মাসের একটি নতুন চুক্তি কার্যকর হবে। **নতুন চুক্তিটি দুইটি পরিবর্তন নিয়ে আসবে:**

**1. আরো নবায়নযোগ্য বিদ্যুত:** আপনি 'MA ক্লাস I নবায়নযোগ্য শক্তির প্রকল্প' থেকে যে পরিমাণ বিদ্যুত পাবেন সেটি চুক্তির প্রত্যেক বছরের জন্য স্টেটের ন্যূনতম পরিমাণ থেকে 50% পর্যন্ত বৃদ্ধি পাবে।

**2. নতুন মূল্য:** বর্তমান বিদ্যুত সরবরাহের চুক্তিটি 2020 সালে স্বাক্ষরিত হয়েছিল এবং সেটিতে মূল্য কম রাখা হয়েছিল। বিশ্বব্যাপী জ্বালানির বাজারে অস্থিরতার কারণে সেই সময় থেকেই বিদ্যুত সরবরাহের মূল্য উল্লেখযোগ্যভাবে বেড়েছে। ডিরেক্ট এনার্জি এর সাথে চুক্তিটি কার্যকর হওয়ার সাথে সাথে কেমব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি প্রোগ্রামের মূল্য বাজার দামের স্তরে চলে আসবে।

▶ **স্ট্যান্ডার্ড গ্রীন বিকল্পের জন্য আপনার নতুন মূল্য: 14.81 ¢/kWh**
নতুন মূল্যটি আগামী 24 মাস, জানুয়ারি 2024 - জানুয়ারি 2026 পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

আপনার নতুন বিদ্যুৎ সরবরাহের মূল্য আপনার বর্তমান মূল্যের চেয়ে বেশি হবে, তবে এটি Eversource এর আসন্ন আবাসিক বেসিক পরিষেবার 17.251 ¢/kWh এর চেয়ে কম যা 1 জানুয়ারি থেকে 31 জুলাই 2024 এ কার্যকর হবে। *অনুগ্রহ করে মনে রাখবেন যে যেহেতু Eversource এর মূল্য পরিবর্তন হয় এবং ভবিষ্যতের মূল্য জানা সম্ভব হয় না, তাই সেই তারিখের পর সঞ্চয়ের নিশ্চয়তা দেওয়া যাবে না।*

## আপনার বিকল্প:

- ▶ **কোনো পদক্ষেপ গ্রহণ না করে কেমব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি প্রোগ্রামের সাথেই থাকুন।** আপনি যদি স্ট্যান্ডার্ড গ্রীন বিকল্পে অংশগ্রহণ করা চালিয়ে যেতে চান, তাহলে কোনো পদক্ষেপ গ্রহণ করার প্রয়োজন নেই। জানুয়ারি 2024 এ নতুন মূল্যে আপনার নথিভুক্ত স্বয়ংক্রিয়ভাবে নবায়ন হবে। ফেব্রুয়ারি 2024 এর Eversource বিদ্যুৎ বিলে আপনি প্রথম নতুন মূল্য দেখতে পাবেন।
- ▶ **প্রোগ্রামের অন্যান্য বিকল্পে পরিবর্তন।** আপনি 100% গ্রীন প্লাস বিকল্পটি বেছে নিতে এবং প্রযোজ্য আইন অনুসারে আপনি 'MA ক্লাস I নবায়নযোগ্য শক্তির প্রকল্প' থেকে 100% বিদ্যুত সরবরাহ পেতে পারেন বা ইকোনমি গ্রীন বিকল্প বেছে নিতে পারেন অথবা নবায়নযোগ্য শক্তির ন্যূনতম পরিমাণ পেতে পারেন।
- ▶ **কোনো জরিমানা বা ফি প্রদান না করেই বেরিয়ে আসুন।** আপনি Eversource এর বেসিক পরিষেবায় ফিরে যেতে পারেন অথবা বৈদ্যুতিক সরবরাকারীর সাথে নিচের চুক্তিতে স্বাক্ষর করতে পারেন।

পরিবর্তন করতে MassPowerChoice.com/Cambridge ভিজিট করুন অথবা সিটির প্রোগ্রামের পরামর্শদাতার সহায়তার জন্য 1-844-379-9934 নম্বরে যোগাযোগ করুন। অনুগ্রহ করে আপনাকে কল করা হলে নিজের Eversource ইলেক্ট্রিসিটি অ্যাকাউন্ট নম্বরটি প্রস্তুত রাখুন।

(*পিছনে আরো তথ্য রয়েছে।* ▶)

## কেমব্রিজ কমিউনিটি ইলেকট্রিসিটি প্রোগ্রামে আমাদের বিকল্প

আপনি আপনার বর্তমান বিকল্পে নথিভুক্ত থাকবেন, অন্য বিকল্পে যাবেন বা অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেবেন নাকি Eversource এর বেসিক পরিষেবায় ফিরে যাবেন সে বিষয়ে সিদ্ধান্ত নিতে নিচের চার্টটি আপনাকে সাহায্য করতে পারবে। পরিবর্তন করতে MassPowerChoice.com/Cambridge ভিজিট করুন অথবা সিটির প্রোগ্রামের পরামর্শদাতার সহায়তার জন্য 1-844-379-9934 নম্বরে যোগাযোগ করুন।

**কেমব্রিজ কমিউনিটি ইলেকট্রিসিটি প্রোগ্রামের বিকল্প:** (এখানে আপনি নথিভুক্ত আছেন ▼ — স্ট্যান্ডার্ড গ্রীন)

**আপনি যদি অংশগ্রহণ করতে না চান:**

| | | **ইকোনমি গ্রীন**<br>প্রযোজ্য আইন অনুসারে ন্যূনতম নবায়নযোগ্য শক্তি | **স্ট্যান্ডার্ড গ্রীন**<br>'MA ক্লাস I নবায়নযোগ্য শক্তির প্রকল্প' থেকে 50% | **100% গ্রীন প্লাস**<br>'MA ক্লাস I নবায়নযোগ্য শক্তির প্রকল্প' থেকে 100% | **Eversource এর বেসিক পরিষেবা**<br>আপনি যদি অংশগ্রহণ না করেন |
|---|---|---|---|---|---|
| **মূল্য** | | **13.82 ¢/kWh*** | **14.81 ¢/kWh*** | **16.82 ¢/kWh*** | **17.251 ¢/kWh** - আবাসিক<br>**17.587 ¢/kWh** - ক্ষুদ্র ব্যবসা<br>**19.098 ¢/kWh** - বৃহৎ ব্যবসা |
| **মূল্যের সময়কাল** | | জানুয়ারি 2024 - জানুয়ারি 2026 | জানুয়ারি 2024 - জানুয়ারি 2026 | জানুয়ারি 2024 - জানুয়ারি 2026 | আবাসিক ও ক্ষুদ্র ব্যবসার জন্য 1 জানুয়ারি - 31 জুলাই 2024 পর্যন্ত। বৃহৎ ব্যবসার জন্য 1 জানুয়ারি - 30 এপ্রিল 2024 পর্যন্ত। |
| **'MA ক্লাস I নবায়নযোগ্য শক্তির প্রকল্প' থেকে ইলেকট্রিসিটি** | | | | | |
| কেমব্রিজ যোগ করেছে | 2024 | - | 26% | 76% | - |
| | 2025 | - | 23% | 73% | - |
| | 2026 | - | 20% | 70% | - |
| রাষ্ট্রীয় আইন অনুসারে আবশ্যক | 2024 | 24% | 24% | 24% | 24% |
| | 2025 | 27% | 27% | 27% | 27% |
| | 2026 | 30% | 30% | 30% | 30% |
| **মোট** | **2024** | **24%** | **50%** | **100%** | **24%** |
| | **2025** | **27%** | **50%** | **100%** | **27%** |
| | **2026** | **30%** | **50%** | **100%** | **30%** |
| **অন্যান্য ক্লিন বা নবায়নযোগ্য উৎস থেকে ইলেকট্রিসিটি**** | | | | | |
| রাষ্ট্রীয় আইন অনুসারে আবশ্যক | 2024 | 38% | 38% | 38% | 38% |
| | 2025 | 36% | 36% | 36% | 36% |
| | 2026 | 39% | 39% | 39% | 39% |
| **বেরিয়ে যাওয়ার শর্তাবলী** | | যেকোনো সময়ে বেরিয়ে যেতে পারেন। বেরিয়ে যাওয়ার জন্য কোনো ফি দিতে হবে না। | যেকোনো সময়ে বেরিয়ে যেতে পারেন। বেরিয়ে যাওয়ার জন্য কোনো ফি দিতে হবে না। | যেকোনো সময়ে বেরিয়ে যেতে পারেন। বেরিয়ে যাওয়ার জন্য কোনো ফি দিতে হবে না। | যেকোনো সময়ে বেরিয়ে যেতে পারেন। বেরিয়ে যাওয়ার জন্য কোনো ফি দিতে হবে না। তবে, বৃহৎ ব্যবসার গ্রাহকরা বিলিং সমন্বয়ের চার্জ বা ক্রেডিট পেতে পারেন। |

* মূল্যের মধ্যে $0.00075/kWh প্রশাসনিক ফি রয়েছে। এছাড়াও কেমব্রিজে নবায়নযোগ্য শক্তি প্রারম্ভিক কাজে সহায়তা করার জন্য $0.002/kWh পরিচালনা ফি অন্তর্ভুক্ত থাকবে। কোনো আইনের পরিবর্তনের ফলে বিদ্যুৎ সরবরাহ চুক্তির মেয়াদকালে যদি প্রত্যক্ষভাবে উপকরণ ব্যয় বৃদ্ধি পায় তাহলে প্রকল্পের মূল্য বৃদ্ধি পেতে পারে।

** কমনওয়েলথ অব ম্যাসাচুসেটস এর জন্য সকল বিদ্যুত সরবরাহ পণ্যে 2024 সালে ক্লিন বা নবায়নযোগ্য শক্তির উৎস থেকে ন্যূনতম 62% এবং পর্যায়ক্রমে 2025 সালে 63%, 2026 সালে 69% অন্তর্ভুক্ত থাকা প্রয়োজন। ডিরেক্ট এনার্জিকে অবশ্যই 'MA ক্লাস I নবায়নযোগ্য শক্তির প্রকল্প' এবং আবর্জনা থেকে উৎপাদিত শক্তি বা পারমাণবিক উৎসের মতো অন্যান্য উৎস থেকে বিদ্যুত কিনতে হবে। ইকোনমি গ্রীন বিকল্প ন্যূনতম প্রয়োজন মেটায়। 'MA ক্লাস I নবায়নযোগ্য শক্তির প্রকল্প' এর কাছ থেকে আরো বিদ্যুত ক্রয় করার মাধ্যমে স্ট্যান্ডার্ড গ্রীন ও 100% গ্রীন প্লাস বিকল্পটি এটিকে ছাড়িয়ে যাবে।

**2024 সালের শুরুর দিকে সিটি অব কেমব্রিজ দুইটি ওয়েবিনার হোস্ট করবে যাতে আপনি আরো তথ্য জানতে পারেন এবং কেমব্রিজ কমিউনিটি ইলেকট্রিসিটি প্রোগ্রাম সম্পর্কে জিজ্ঞাসা করতে পারেন।**

**▶ আরো বিস্তারিত জানতে ও নিবন্ধন করতে, এখানে ভিজিট করুন: www.MassPowerChoice.com/Cambridge**